

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 10-12-2025**

**Desk inCharg:- SDG**

**Time: 7-50 PM**

**Compailing:- Priya B.**

**DEO : KB**

**NRT : Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১/ সংবিধান অনুযায়ী ভোটার তালিকা প্রস্তুত এবং তা' সংশোধন, নির্বাচন কমিশনের দায়িত্ব বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন।

২/ ২০০২-এর ভোটার তালিকার সঙ্গে সংযোগবিহীন ভোটারদের পাশাপাশি বাবা-মায়ের সঙ্গে বয়সের পার্থক্য অসামঞ্জস্যপূর্ণ এমন ভোটারদেরও গুনানিতে ডাকা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

৩/ রেশন দুর্নীতি, জমি দখল সহ একাধিক মামলায় অভিযুক্ত সন্দেশখালির বহিষ্কৃত তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাহজাহানের বিরুদ্ধে সাক্ষ্য দিতে যাওয়ার সময়, দুর্ঘটনার কবলে সাক্ষী ভোলানাথ ঘোষ। নিহত তাঁর ছোট ছেলে ও গাড়ির চালক।

# পরিবারের দাবী, এটি একটি সুপরিকল্পিত হত্যা।

৪/ বিজ্ঞান চর্চার প্রতি তরুণ প্রজন্মের আগ্রহই আগামীদিনে মহাকাশ গবেষণা ক্ষেত্রে দেশকে আরো সাফল্য এনে দেবে বলে ভারতীয় মহাকাশচারী, গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা মন্তব্য করেছেন।

৫/ মুর্শিদাবাদের ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবির যে মসজিদ নির্মাণের কাজ শুরু করেছেন, তার ওপর স্থগিতাদেশের আর্জি জানিয়ে হাইকোর্টে জনস্বার্থ মামলা।

৬/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ এরাজ্যেও, আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপিত হচ্ছে।

\*\*\*\*\*

সংবিধান অনুযায়ী ভোটার তালিকা প্রস্তুত এবং তা' সংশোধন, নির্বাচন কমিশনের দায়িত্ব বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন।

লোকসভায় আজ নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR নিয়ে বিরোধীরা মিথ্যে প্রচার চালাচ্ছে এবং তা' দেশ, সরকার এবং নির্বাচন কমিশনের ভাবমূর্তিকে ক্ষুণ্ণ করছে। তিনি বলেন, SIR হল প্রকৃতপক্ষে ভোটার তালিকার পরিশোধন। বিরোধীরা এই প্রক্রিয়া নিয়ে 'দ্বিচারিতা' করছে বলেও কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর অভিযোগ। তিনি জানান, নির্বাচন কমিশন, সরকারের অধীনে কাজ করে না। SIR-এর ফলে অনুপ্রবেশকারীদের নাম বাদ পড়বে এবং তাদের ভোট সংখ্যা কমবে বলে বিরোধীরা উদ্বেগে রয়েছে।

\*\*\*\*\*

২০০২ এর ভোটার তালিকার সঙ্গে কোনো সংযোগ পাওয়া যায়নি এমন ভোটারদের পাশাপাশি যেসব ভোটারদের বাবা মায়ের বয়সের পার্থক্য ১৫ বছর বা তার বেশি তাদেরকেও শুনানির জন্য ডাকা হবে বলে নির্বাচন কমিশন সিদ্ধান্ত নিয়েছে। ১৬ ডিসেম্বর থেকে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী এসআইআরের দ্বিতীয় পর্ব শুরু হচ্ছে। ওই সময় এনুমারেশন ফর্মে অসংগতি রয়েছে এমন ভোটারদের শুনানির জন্য ডাকা হবে।

এদিকে, সর্বশেষ পাওয়া খবরে রাজ্যে ৫৭ লক্ষ ৫২ হাজার ২০৭ জন ভোটারের এনুমারেশন ফর্ম আনকালেঙ্টেবেল বা সংগ্রহযোগ্য নয় বলে চিহ্নিত হয়েছে। এর মধ্যে মৃত ভোটারের সংখ্যা ২৪ লক্ষের বেশী।

\*\*\*\*\*

রাজ্যে আগামী বিধানসভা নির্বাচনে ব্যয় সংক্রান্ত বিষয় গুলির উপর নজরদারি চালাতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আগামীকাল সংশ্লিষ্ট এজেন্সি গুলির সঙ্গে বৈঠকে বসছেন। কলকাতার ‘Bengal Chamber of Commerce and Industry’ BCCI-তে সকাল সাড়ে ১১ টায় ওই বৈঠকে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের অন্যান্য শীর্ষ আধিকারিক সহ রাজ্য পুলিশের ডিজি, কলকাতার নগরপাল, চিফ পোস্ট মাস্টার জেনারেল ওয়েস্ট বেঙ্গল সার্কেল সহ ২৫টি দপ্তরের উর্ধ্বতন কর্তারা উপস্থিত থাকবেন।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণার অশোক নগরের কল্যাণগড় পৌরসভার আট নম্বর ওয়ার্ডে খসড়া ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়ার আশঙ্কায় নির্বাচন কমিশনের দুই আধিকারিককে ঘেরাও করে আজ বিক্ষোভ দেখায় স্থানীয়রা। তাঁদের অভিযোগ, চক্রান্ত করে ৩৬৫ জনের নাম বাদ দেবার চেষ্টা চলছে।

আজ স্থানীয় কালীতলা বাণী মন্দির হাইস্কুলে মক হিয়ারিং-এর কাজে নির্বাচন কমিশনের দুই আধিকারিক পৌঁছলে, তাঁদের ঘিরে ধরে বিক্ষোভ দেখানো হয়। ঘন্টাখানেক পর বিডিও-র আশ্বাসে পরিস্থিতি স্বাভাবিক হয়।

\*\*\*\*\*

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের কাজে যুক্ত BLO-রা তাঁদের অভিজ্ঞতার কথা ভাগ করে নিয়েছেন আকাশবাণী সংবাদের সঙ্গে।

বাঁকুড়া থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – বাঁকুড়া )

\*\*\*\*\*

রেশন দুর্নীতি, জমি দখল সহ একাধিক মামলায় অভিযুক্ত সন্দেশখালির বহিষ্কৃত তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাহজাহানের বিরুদ্ধে সাক্ষী দিতে যাওয়ার সময়, ন্যাজোন্টের কাছে বয়ারমারি পেট্রোল পাম্পের সামনে দুর্ঘটনার কবলে পরে গুরুতর আহত হয়েছেন, ভোলানাথ ঘোষ। মৃত্যু হয়েছে তার ছোট ছেলে সত্যজিৎ ও গাড়ির চালক শাহানুরের। যদিও তাঁর পরিবার একে নিছক দুর্ঘটনা বলে মানতে চায়নি, বরং পরিকল্পনামাফিক হামলা বলে দাবী করেছে। ভোলানাথবাবুর স্ত্রী পুষ্পরানী ঘোষ জানিয়েছেন, বহুদিন ধরেই তাঁর স্বামীকে এই মামলা থেকে সরে দাঁড়ানোর জন্য হুমকি দেওয়া হচ্ছিল।

( বাইট- স্ত্রী পুষ্পরানী )

ভোলানাথ ঘোষ-এর কন্যা সোনালী ঘোষ, এই ঘটনায় দোষীদের শাস্তির দাবী জানিয়েছেন।

( বাইট- মেয়ে সোনালী )

উল্লেখ্য, বসিরহাট আদালতে আজ শেখ শাহজাহান সংক্রান্ত একটি মামলার সাক্ষী দিতে যাবার সময়, বাসন্তী হাইওয়েতে ভোলানাথ ঘোষের গাড়ীতে ধাক্কা দেয় উল্টোদিক থেকে আসা একটি ট্রাক।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, এই ঘটনায় পুলিশ এবং শাসক দলের ভূমিকা নিয়ে তদন্তের দাবী জানিয়েছেন। এক ভিডিও বার্তায় তিনি বলেন, এব্যাপারে তাঁরা আদালতের দ্বারস্থ হবেন।

( বাইট- সুকান্ত )

সংশোধনাগারে বসেই শেখ শাহজাহান, এই চক্রান্ত করেছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, অবিলম্বে শেখ শাহজাহানের মামলা অন্য রাজ্যে সরিয়ে নিয়ে যাওয়া উচিত।

\*\*\*\*\*

বিজ্ঞান চর্চার প্রতি তরুণ প্রজন্মের আগ্রহই আগামীদিনে মহাকাশ গবেষণা ক্ষেত্রে দেশকে আরো সাফল্য এনে দেবে বলে ভারতীয় মহাকাশচারী, গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা মন্তব্য করেছেন। কলকাতার ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্সে আজ এক আলোচনা সভায় আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে থাকাকালীন নিজের অভিজ্ঞতা সকলের সঙ্গে ভাগ করে নেন তিনি। সেখানে শারীরিক ও মানসিক কি পরিবর্তনের মুখোমুখি হতে হয় তাও জানান। মহাকাশ থেকে ভারতকে কেমন দেখতে লাগে তা ভিডিওর মাধ্যমে দেখান তিনি।

ইন্টারন্যাশনাল স্পেস সেন্টার থেকে ঘুরে আসা ভারতের একমাত্র মহাকাশচারি ক্যাপ্টেন শুভাংশু শুক্লা ‘ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর স্পেস ফিজিক্সে’ তাঁর নামাঙ্কিত একটি গ্যালারির উদ্বোধনের পর বলেন, ভারত মহাকাশে গবেষণা কেন্দ্র স্থাপনের পথে অনেকটাই অগ্রসর হয়েছে। তবে অনেক বাধা বিপত্তি ও চ্যালেঞ্জের মুখোমুখি হয়েই এই কাজে এগিয়ে যেতে হচ্ছে।

\*\*\*\*\*

স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালে চিহ্নিত ‘যোগ্য’দের পৃথক ক্যাটাগরি উল্লেখ করে তালিকা প্রকাশের নির্দেশ দিতে অস্বীকার করেছে কলকাতা হাইকোর্ট। নবম -দশমের পরীক্ষায় অংশগ্রহণকারী চাকরি প্রার্থীরা আদালতে এই আবেদন জানিয়েছিলেন। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে আজ এই মামলার শুনানি হয়।

উল্লেখ্য, এর আগে একাধিকবার আদালত, OMR বিকৃতি, মেয়াদ উত্তীর্ণ প্যানেল থেকে নিয়োগ ইত্যাদি তথ্য সহ অযোগ্যদের সম্পূর্ণ তালিকা প্রকাশ করার নির্দেশ দেয়।

\*\*\*\*\*

মুর্শিদাবাদের ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবির যে মসজিদ নির্মাণের কাজ শুরু করেছেন তা অবিলম্বে বন্ধ করার নির্দেশ দিতে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। মামলাকারীর বক্তব্য, মসজিদের নামটির সঙ্গে অযোধ্যার বাবরি মসজিদ-রামজন্মভূমি বিতর্ক জড়িত। এই নির্মাণ হলে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হতে পারে। একইসঙ্গে জেলা প্রশাসনের অনুমতি না নিয়ে এই নির্মাণ হচ্ছে বলেও দাবী করেন তিনি। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চে আগামী সপ্তাহে এর শুনানি হতে পারে।

\*\*\*\*\*

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ এরাজ্যেও, আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপিত হচ্ছে। মানুষের মৌলিক অধিকার সুরক্ষিত করার লক্ষ্যেই দিনটি পালন করা হয়ে থাকে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস এই উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। আন্তর্জাতিক মানবাধিকার দিবসে আজ প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধানভবন থেকে উৎকল ভবন পর্যন্ত মিছিল করেন কংগ্রেসের নেতা কর্মীরা।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণার বিরাটির বাসিন্দা অজিত কুমার দাস শিল্পগুরু, ২০২৩ পুরস্কারে সম্মানিত হয়েছেন। কাপড়ের উপর ভেষজ রঙ দিয়ে ছবি আঁকেন তিনি। নিজের শিল্পের নাম দিয়েছেন ‘কমল পত্র’ ।

৪৫ বছর ধরে এই কাজের যুক্ত অজিত কুমার দাস আকাশবাণীর প্রতিনিধি কাশফিন নাহারকে জানিয়েছেন, বিদেশের বাজারেও কাপড়ের ওপর ভেষজ রং-এর চাহিদা দিন দিন বাড়ছে।

( বাইট- অজিত কুমার )

\*\*\*\*\*

উত্তরে বাতাসের গতিবেগ কম থাকায় এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় আজ কয়েকটি স্থানে নূন্যতম তাপমাত্রা কিছুটা বেড়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য কম। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে আড়াই ডিগ্রি কম। কলকাতা ও তার আশপাশের এলাকায় আগামী ২-৩ দিন তাপমাত্রা ১৪ থেকে ১৬ ডিগ্রির মধ্যে থাকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

\*\*\*\*\*